দৈনিক
ইত্তেফাক

তারিখ: 17 APR 2018
পৃষ্ঠা: ৭ কলাম: ৩

# উজিরপুরে প্রশ্নপত্র ফাঁসে জড়িত তিন শিক্ষক গ্রেফতার

■ বরিশাল অফিস

উজিরপুরে এইচএসসি (কারিগরি শিক্ষা বোর্ডের অধিনে বিএম শাখা) পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের ঘটনায় জড়িত তিন শিক্ষককে সোমবার গ্রেফতার করেছে পুলিশ।

পুলিশ জানায়, ওইদিন ব্যবস্থাপনা ও হিসাব বিজ্ঞান পরীক্ষা চলাকালে উজিরপুর বিএন খান কলেজ (ডব্লিউ-বি) কেন্দ্রের কাছে উপজেলার রামেরকাঠী টেকনিক্যাল কলেজের প্রভাষক পরেশ বেপারীর বাসায় তিনিসহ আরো দুই শিক্ষক মিলে হাতে লিখে উত্তরপত্র তৈরি করছিলেন। এ সময় গোপন সংবাদের ভিত্তিতে ওই তিন কলেজ শিক্ষককে পুলিশ গ্রেফতার করে। এ ব্যাপারে উজিরপুর মডেল থানার এসআই মো. মিজানুর রহমান বাদী হয়ে মামলা দায়ের করেছেন। গ্রেফতার অপর দু'জন হলেন—উজিরপুর জল্লা শহীদ স্মরনিকা ডিগ্রি কলেজের শিক্ষক আবুল কাসেম ও উজিরপুর রামেরকাঠী টেকনিক্যাল কলেজের প্রভাষক সমীর বিশ্বাস।

উজিরপুর মডেল থানার ওসি শিশির কুমার পাল জানান, জিজ্ঞাসাবাদে ওই তিন কলেজ শিক্ষক প্রশ্নপত্র ফাঁসে তাদের জড়িত থাকার কথা স্বীকার করেছে। এছাড়া পরীক্ষা চলাকালে উজিরপুর ডব্লিউ বি পরীক্ষা কেন্দ্র থেকে মুঠোফোনে ইন্টানেটের মাধ্যমে কার সহায়তায় প্রশ্নপত্র সংগ্রহ করেছে সে বিষয়টি পুলিশকে জানিয়েছে। তবে, তদন্তের স্বার্থে তা গোপন রাখা হয়েছে। আজ মঙ্গলবার গ্রেফতারকৃতদের বরিশাল আদালতে হাজির করা হবে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং............
তারিখ............

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম ম্যানেজার | |
| সিনিয়র সিস্টেম এনালিষ্ট | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর